

মার্চ/ ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ : ৩১/০৩/২০২২খ্রি.  
সময় : বিকাল: ৩.০০ ঘটিকা  
স্থান : সভাপতি মহোদয়ের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

অদ্য ৩১/০৩/২০২২খ্রি. রোজ বৃহস্পতিবার বিকাল ৩.০০ঘটিকার সময় উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব জাহিরুল ইসলাম মুরাদ মহোদয়ের সভাপতিত্বে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

সভার আলোচ্য সূচি:-

- ১। ১৫ই আগস্ট প্রতিটি বিদ্যালয়ে জাতীয় শোক দিবস পালন।
- ২। ভবন নির্মাণ কাজের পর্যালোচনা।
- ৩। বিবিধ।

#### আলোচনা ও সিদ্ধান্তঃ

১নং আলোচনাঃ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা শিক্ষা অফিসার ও কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক পত্র প্রেরণ করা হয়েছে। এর প্রেক্ষিতে উক্ত জাতীয় দিবসটি সুষ্ঠু ও সুন্দরভাবে পালনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। সভাপতি মহোদয় কমিটির সদস্য সচিবকে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ সহ সার্বক্ষণিক মনিটরিং জোরদার করতে সকল সদস্যবৃন্দ অনুরোধ জানান।





২য় আলোচনাঃ উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, বিগত সভার কার্যবিবরণী অনুযায়ী অত্র উপজেলার নির্মানাধীন ভবন সমূহের নির্মাণ কাজ তদারকি করা হয় এবং ইতোমধ্যে সকল বিদ্যালয়ে প্রায় ৯০% কাজ সমাপ্ত হয়েছে। সভার পক্ষ থেকে কাজ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং অবশিষ্ট কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
(মোঃ শফিক উদ্দিন)  
উপজেলা শিক্ষা অফিসার  
ও  
সদস্য সচিব  
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি  
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

স্বাক্ষরিত/-  
(জাহিরুল ইসলাম মুরাদ)  
ভাইস চেয়ার উপজেলা পরিষদ  
ও  
সভাপতি  
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি  
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

৩১/০৩/২০২২ খ্রি. তারিখে উপজেলা উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির উপস্থিতি  
হাজিরা সীট

ক্রমিক নং	নাম, পদবী ও কর্মস্থল	স্বাক্ষর
০১	জনাব মোঃ জাহিরুল ইসলাম ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ	
০২	জনাব লেইচ চৌধুরী চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি,	
০৩	জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি	
০৪	জনাব এমরান উদ্দিন চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি	
০৫	জনাব মোঃ শফিক উদ্দিন উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ	